



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.১১০.১১.০০১.১৫-১৪৬৯

তারিখ: ১ আশ্বিন ১৪২২/ ১৬ সেপ্টেম্বর ২০১৫

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত তৃতীয় ও চতুর্থ শ্রেণির নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে Online-এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১।	হিসাবরক্ষক বেতন: জাতীয় বেতনস্কেল/০৯: টাকা: ৫৯০০-১৩,১২৫/-	০১ (এক)	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্য বিভাগে কমপক্ষে দ্বিতীয় বিভাগে স্নাতক ডিগ্রী সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।	ঢাকা বিভাগ: গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, শরিয়তপুর, জামালপুর, শেরপুর, ময়মনসিংহ, নেত্রকোনা ও টাঙ্গাইল; চট্টগ্রাম বিভাগ: চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি ও নোয়াখালি; সিলেট বিভাগ: সিলেট, মৌলভীবাজার ও সুনামগঞ্জ; রংপুর বিভাগ: দিনাজপুর, ঠাকুরগাঁও, লালমনিরহাট ও কুড়িগ্রাম; খুলনা বিভাগ: যশোর, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা ও মেহেরপুর।
২।	ক্যাশিয়ার বেতন: জাতীয় বেতনস্কেল/০৯: টাকা: ৫,২০০-১১,২৩৫/-	০১ (এক)	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রী।	
৩।	লাইব্রেরী সহকারী বেতন: জাতীয় বেতনস্কেল/০৯: টাকা: ৪,৯০০-১০,৪৫০/-	০১ (এক)	ক) স্বীকৃত বোর্ড থেকে অনূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ; খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান থেকে প্রশাসনিক বিজ্ঞান বিষয়ে সার্টিফিকেট কোর্স; এবং গ) গ্রন্থাগার কাজে অনূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।	শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৪।	কেয়ারটেকার-কাম-অফিস সহকারী বেতন: জাতীয় বেতনস্কেল/০৯: টাকা: ৪,৭০০-৯,৭৪৫/-	০১ (এক)	ক) স্বীকৃত বোর্ড থেকে কমপক্ষে/অনূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;	ঢাকা বিভাগ: গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, শরিয়তপুর, জামালপুর, শেরপুর, ময়মনসিংহ, নেত্রকোনা ও টাঙ্গাইল; চট্টগ্রাম বিভাগ: চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি ও নোয়াখালি; সিলেট বিভাগ: সিলেট, মৌলভীবাজার ও সুনামগঞ্জ; রংপুর বিভাগ: দিনাজপুর, ঠাকুরগাঁও, লালমনিরহাট ও কুড়িগ্রাম; খুলনা বিভাগ: যশোর, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা ও মেহেরপুর।
৫।	অফিস সহায়ক (এম.এল.এস.এস) বেতন: জাতীয় বেতনস্কেল/০৯: টাকা: ৪১০০-৭,৭৪০/-	০৫ (পাঁচ)	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	চট্টগ্রাম বিভাগ: চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, লক্ষ্মীপুর ও ফেনী; সিলেট বিভাগ: সিলেট ও সুনামগঞ্জ; রাজশাহী বিভাগ: জয়পুরহাট, রাজশাহী, নওগাঁ ও চাঁপাইনবাবগঞ্জ; খুলনা বিভাগ: যশোর, ঝিনাইদহ, নড়াইল, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা ও মেহেরপুর; বরিশাল বিভাগ: ভোলা, ঝালকাঠি, পিরোজপুর ও পটুয়াখালি।

নিম্নবর্ণিত শর্তগুলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাৱশ্যকীয়ভাবে অনুসরণীয়:

- একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না;
- এতিমখানা নিবাসী/শারীরিক প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধা কোটায় যে কোন জেলার বাসিন্দাগণ দরখাস্ত করতে পারবেন;
- প্রার্থীর বয়স ১ সেপ্টেম্বর ২০১৫ তারিখে ১৮-৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর;
- সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতির কপি প্রদর্শন করতে হবে;

